

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৭১

পরিচ্ছেদঃ অন্যায় কাজ প্রতিহত না করা হলে আযাব নাযিল হবে।

باب ما جاء في نزول العذاب إذا لم يغير المنكر

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ أَبِي خَالِدٍ، عَنْ قَيْسِ بْنِ أَبِي مَنْ أَبِي بَكْرٍ الصِّدِيقِ، أَنَّهُ قَالَ أَيُّهَا النَّاسُ إِنَّكُمْ تَقْرَءُونَ هَذِهِ الآيَةَ: (يَا أَيُّهَا النَّاسُ إِنَّكُمْ تَقْرَءُونَ هَذِهِ الآيَةَ: (يَا أَيُّهَا النَّاسُ إِنَّا أَيُّهَا النَّاسُ إِذَا اهْتَدَيْتُمْ) وَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ الَّذِينَ آمَنُوا عَلَيْكُمْ أَنْفُسَكُمْ لاَ يَضِرُرُكُمْ مَنْ ضَلَّ إِذَا اهْتَدَيْتُمْ) وَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَى الله عليه وسلم يَقُولُ " إِنَّ النَّاسَ إِذَا رَأَوُا الظَّالِمَ فَلَمْ يَأْخُذُوا عَلَى يَدَيْهِ أَوْشَكَ أَنْ يَعْمَّهُمُ اللّهُ بعِقَابِ مِنْهُ ".

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ، نَحْوَهُ. قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ، وَأُمِّ سَلَمَةَ وَالنَّعْمَانِ بْنِ بَشِيرٍ وَعَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ وَحُذَيْفَةَ. وَهَذَا حَدِيثُ صَحِيحٌ. وَهَكَذَا رَوَى غَيْرُ، وَاحِدٍ، عَنْ إِسْمَاعِيلَ، نَحْوَ حَدِيثِ يَزِيدَ وَرَفَعَهُ بَعْضُهُمْ .

বাংলা

২১৭১. আহমাদ ইবন মানী' (রহঃ) আবূ বকর সিদ্দীক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, হে লোকেরা তোমরা এ আয়াতটি পড়ে থাক-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا عَلَيْكُمْ أَنْفُسَكُمْ لاَ يَضِئُرُّكُمْ مَنْ ضَلَّ إِذَا اهْتَدَيْتُمْ

হে মুমিনগণ, তোমাদের নিজেদের সংশোধনই তোমাদের কর্তব্য। তোমরা যতি হিদায়েতের পথে চল তবে যে পথভ্রম্ভ হয়েছে সে তোমাদের কোন ক্ষতি করতে পারবে না। (সূরা মায়িদা ৫ঃ ১০৫)

অথচ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ মানুষ যখন যালিমকে যুলুম করতে দেখে তখন তারা যদি তার হাত ধরে প্রতিহত না করে তবে আল্লাহ তাআলা অচিরেই তাদের সবাইকে তার ব্যাপাক আযাবে নিপতিত করবেন। সহীহ, ইবনু মাজাহ ৪০০৫, তিরমিজী হাদিস নম্বরঃ ২১৬৮ [আল মাদানী প্রকাশনী]



মুহাম্মদ ইবন বাশশার (রহঃ) ... ইসমাঈল ইবন খালিদ (রহঃ) থেকে অনুরূপ বর্ণিত আছে। এ বিষয়ে আয়িশা, উম্মূল সালামা, নুমান ইবন বাশীর, আবদুল্লাহ ইবন উমার এবং হুযায়ফা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে।

একাধিক রাবী এ হাদীসটিকে ইসমাঈল (রহঃ) এর বরাতে ইয়াযীদ (রহঃ)-এর অনুরূপ বর্ণনা করেছেন। কেউ কেউ ইসমাঈল (রহঃ) থেকে মারফু রূপে আর কেউ কেউ মাওকুফ রূপে এটির রিওয়ায়াত করেছেন।

English

Abu Bakr As-Siddiq said:

"O you people! You recite this Ayah: Take care of yourselves! If you follow the guidance no harm shall come to you. I indeed heard the Messenger of Allah (s.a.w) saying: 'When the people see the wrongdoer and they do not take him by the hand, then soon Allah shall envelope you in a punishment from him.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু বকর সিদ্দীক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন